

3rd Joint Working Group Meeting between India and Japan on MoC on Specified Skilled Workers

August 03, 2022

নির্দিষ্ট দক্ষ কর্মীদের উপর এমওসিতে ভারত ও জাপানের মধ্যে 3য় জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের বৈঠক

অগস্ট 03, 2022

ভারত এবং জাপান নির্দিষ্ট দক্ষ কর্মীদের (এসএসডব্লু) উপরে তৃতীয় জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের (জেডব্লুজি) বৈঠক হাইরিড মোডে 2 রা অগস্ট 2022 –এ নিউ দিল্লিতে অনুষ্ঠিত করেছে। ভারতীয় প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন শ্রী অনুরাগ ভূষণ , পররাষ্ট্র বিষয়ক মন্ত্রকের যুগ্ম সচিব (ওআইএ-আই) এবং ডঃ কে কে দ্বিবেদী, দক্ষতা বিকাশ এবং শিল্পোদ্যোগ মন্ত্রকের (এমএসডিসি) যুগ্ম সচিব। এছাড়াও ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট করপোরেশন(এনএসডিসি)-এর প্রতিনিধিরাও এতে অংশগ্রহণ করেছিলেন। জাপানী প্রতিনিধি দলের নেতৃত্ব দিয়েছেন মিস্টার নাকাগাওয়া সুতোমু, অভিবাসন পরিষেবা সংস্থার সহকারি উপ মন্ত্রী। আর ছিলেন বিদেশ বিষয়ক মন্ত্রক (এমওএফএ), স্বাস্থ্য, শ্রম ও কল্যান মন্ত্রক(এমএইচএলডব্লু) , কৃষি মন্ত্রক, বণ ও মৎস্য মন্ত্রক (এমএ এফএফ) –এর প্রতিনিধি বৃন্দ ও জাপান পর্যটন সংস্থা। এছাড়াও সংশ্লিষ্ট দূতাবাসের আধিকারিকরাও অংশগ্রহণ করেছেন।

2. ভারত থেকে জাপানে চুক্তি ভিত্তিক কর্ম সংস্থানের জন্য দক্ষতা ও জাপানী ভাষা শিক্ষার জন্য দক্ষ শ্রমিকদের যাতায়াতকে উৎসাহ দেবার উদ্দেশ্যে 2021 সালে ভারত ও জাপানের মধ্যে নির্দিষ্ট দক্ষ শ্রমিকদের (এসএসডব্লু) উপরে একটি মেমোরান্ডাম অব কোঅপারেশন(এমওসি) স্বাক্ষরিত হয়েছিল।

3. জেডব্লুজি বৈঠকে উভয় পক্ষ এসএসডব্লুর অধীনে জাপান ও ভারতের মধ্যে বিদ্যমান সহযোগিতার খতিয়ান নিয়েছে এবং ভারত থেকে জাপানে এসএসডব্লু শ্রমিকের সংখ্যা বৃদ্ধি পাবার যথেষ্ট সম্ভাবনা রয়েছে বলে একমত হয়েছে। এই পরিপ্রেক্ষিতে, বিদ্যমান ব্যবস্থায় চ্যালেঞ্জগুলিকে সনাক্ত করে এসএসডব্লু কার্যক্রমের বাস্তবায়নকে আরও বৃদ্ধি করার উপায় নিয়ে তারা আলোচনা করেছেন এবং অগ্রগতির লক্ষ্যে মত বিনিময় করেছেন। যে মুখ্য বিষয়গুলি নিয়ে বৈঠকে আলোচনা হয়েছে তার মধ্যে রয়েছে ডিজিটাল প্রযুক্তি ও প্ল্যাটফর্ম, ভারতে পরীক্ষা কেন্দ্র বৃদ্ধি, বাস্তবায়নের ক্ষেত্রগুলির সম্প্রসারণ, ভারতে এসএসডব্লু কার্যক্রম সম্পর্কিত সচেতনতা বৃদ্ধি, ভারতে জাপানী ভাষার প্রচার, এবং কার্যক্রম দেখাশোনার পরিকাঠামো তৈরি সহ চাহিদা-জোগানের সমন্বয় সাধন। জাপানের তরফ থেকে ঘোষণা করা হয়েছে যে, বর্তমানে বিদ্যমান নার্সিং/পরিচর্যা প্রদান –এর অধীনে সহযোগিতার অতিরিক্ত ভারতে কৃষি ক্ষেত্রেও এসএসডব্লু সম্প্রসারিত হবে। এই ঘোষণাকে ভারতের তরফ থেকে স্বাগত জানানো হয়েছে এবং অন্যান্য ক্ষেত্রেও এসএসডব্লু সম্প্রসারণের জন্য আহবান জানানো হয়েছে।

4. উভয় পক্ষ নিকট ভবিষ্যতে একটি পারস্পরিক সুবিধামত সময়ে পরবর্তী জেডব্লুজি বৈঠক আয়োজনের জন্য সম্মত হয়েছে।

নিউ দিল্লি

অগস্ট 03, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.